২৬ অক্টোবর জাপান সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান

প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

চার দিনের সফরে আগামী ২৬ অক্টোবর জাপান যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সফরে দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার করা এবং উন্নয়ন ও সহযোগিতার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে।

মঙ্গলবার (৬ অক্টোবর) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক ঊর্ধ্বতন কর্মকর্তা এ তথ্য নিশ্চিত করেছেন।

সফরে মেট্রোরেল প্রকল্প, প্রতিরক্ষা সরঞ্জাম কেনাকাটা এবং বিভিন্ন উন্নয়নমূলক সহযোগিতা নিয়ে দুই দেশের মধ্যে বৈঠক হবে বলে জানা গেছে। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, সম্পর্ক আরও জোরদার করাই সফরের অন্যতম লক্ষ্য।

জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচির আমন্ত্রণে এটি হবে প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রথম জাপান সফর।

এর আগে বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত সাইদা শিনিচি পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে সাক্ষাৎ করে প্রধানমন্ত্রীকে জাপান সফরের আমন্ত্রণপত্র পৌঁছে দেন।

চার দিনের সফর শেষে প্রধানমন্ত্রী দেশে ফেরার কথা রয়েছে।

সূত্র: স্টার নিউজ